Withholding Tax Payment Service

# eTDS Environment

National Board of Revenue, Bangladesh

জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ

It's simple,
smart &
most of all
it's elegant

www.etds.gov.bd

# রেগুলার রেজিস্ট্রেশন

১

**উইথহোল্ডিং অথরিটির/কোম্পানির TIN**

প্রথমে রেজিস্ট্রেশন ট্যাবে গিয়ে উইথহোল্ডিং অথরিটির/কোম্পানির TIN দিয়ে ভেরিফাই বাটনে ক্লিক করুন। যে মোবাইল নাম্বারটি eTIN ডাটাবেসের সাথে নিবন্ধিত সেই নাম্বারটির শেষ ৩টি ডিজিট দেখাবে। মোবাইল নাম্বারটি দিয়ে একটি OTP মোবাইল ফোনের মেসেজে পাবেন।

২

**প্রিন্সিপ্যাল অফিসারের TIN**

প্রিন্সিপ্যাল অফিসারের TIN এবং বাকি তথ্যগুলো দিয়ে পরবর্তী ধাপে প্রবেশ করুন।

৩

**পাসওয়ার্ড**

পাসওয়ার্ড পলিসি অনুযায়ী পাসওয়ার্ড প্রদান করুন। নিবন্ধনটি সঠিকভাবে সম্পন্ন হওয়ার পর login করতে পারবেন।

# কাস্টম রেজিস্ট্রেশন

১

**উইথহোল্ডিং অথোরিটির/কোম্পানি TIN**

প্রথমে রেজিস্ট্রেশন ট্যাবে গিয়ে উইথহোল্ডিং অথরিটির/কোম্পানির TIN দিয়ে ভেরিফাই বাটনে ক্লিক করুন। নাম্বারটি eTIN ডাটাবেসে না থাকলে অথবা ভুলে গেলে এখানে 'NO' বাটনে ক্লিক করে ই-মেইল এবং নতুন একটি মোবাইল নাম্বার দিয়ে OTP পাওয়া যাবে।

২

**প্রিন্সিপ্যাল অফিসারের TIN**

প্রিন্সিপ্যাল অফিসারের TIN এবং বাকি তথ্যগুলো দিয়ে পরবর্তী ধাপে প্রবেশ করুন।

৩

**পাসওয়ার্ড**

পাসওয়ার্ড পলিসি অনুযায়ী পাসওয়ার্ড প্রদান করুন। নিবন্ধনটি সঠিকভাবে সম্পন্ন হওয়ার পর login করতে পারবেন।

৪

**লেটারটি সার্কেল অফিসে অ্যাপ্রুভালের জন্য দাখিল করা**

নিবন্ধন সম্পন্ন হওয়ার পর এই লেটারটি প্রিন্ট ও স্বাক্ষর করার পর সার্কেল অফিসে অ্যাপ্রুভালের জন্য দাখিল করুন।

৫

**অ্যাপ্রুভাল**

সার্কেল অ্যাডমিন লেটারটির সকল তথ্য যাচাই করে নিবন্ধনটি অ্যাপ্রুভ করে দিবেন।

৬

**অভিনন্দন**

আপনি এখন eTDS সিস্টেমে login করতে পারবেন।




## প্রোফাইল ১

এখানে উইথহোল্ডিং অথরিটির/কোম্পানির প্রোফাইলের বিস্তারিত তথ্য দেখা যাবে। কোম্পানির অন্যান্য ই-মেইল এবং মোবাইল নাম্বার থাকলে, প্রোফাইলে যুক্ত করতে পারবেন। কোম্পানি প্রোফাইল থেকে লগইন করে প্রিন্সিপ্যাল অফিসার এবং অ্যাসাইন অফিসার Add ও Remove করা যাবে।

## ম্যানেজ ডিডাক্টি ২

eTDS সিস্টেমে দুই ভাবে ডিডাক্টি/ ভেন্ডর যুক্ত করা যাবে–একটি করে এবং একাধিকভাবে (Bulk)। একটির ক্ষেএে **'+ Deductee'** বাটনে ক্লিক করে চার ধরনের ডিডাক্টি/ ভেন্ডর যুক্ত করা যাবে। ১. **TIN**; ২. **NID**;
৩. **ONSHORE** (যার TIN বা NID নেই এবং কার্যক্রম বাংলাদেশের মধ্যে);
৪. **OFFSHORE** (যার TIN বা NID নেই এবং কার্যক্রম বাংলাদেশের বাইরে)।
একাধিকভাবে (Bulk) ডিডাক্টি/ ভেন্ডর যুক্ত করার ক্ষেত্রে এক্সেল ফাইল ডাউনলোড করে সেখানে প্রয়োজনীয় ফিল্ড পূরণ করে আপলোড করতে হবে।

## ম্যানেজ এমপ্লয়ি ৩

eTDS সিস্টেমে দুইভাবে এমপ্লয়ি যুক্ত করা যাবে–একটি করে এবং একাধিকভাবে। একটি করে যুক্ত করার ক্ষেত্রে **'+ Employee'** বাটনটি ক্লিক করে **TIN** নম্বর দিয়ে একজন করে যুক্ত করা যাবে। একাধিকভাবে যুক্ত করার ক্ষেত্রে এক্সেল ফাইল ডাউনলোড করে সেখানে প্রয়োজনীয় ফিল্ড পূরণ করে আপলোড করতে হবে।

## ম্যানেজ কন্ট্রাক্ট ৪

ম্যানেজ কন্ট্রাক্ট থেকে কন্ট্রাক্ট তৈরি করা যাবে। কন্ট্রাক্ট তৈরি করতে প্রথমে **'+ Contract'** বাটনে ক্লিক করে, কন্ট্রাক্ট নাম্বার (ক্ষেত্র বিশেষে এটা পারচেজ নাম্বার ও হতে পারে), কন্ট্রাক্টের নাম, টাইম পিরিয়ড এবং টোটাল অ্যামাউন্ট দিয়ে ডিডাক্টি লিস্ট থেকে কন্ট্রাক্ট পার্টনার সিলেক্ট করতে হবে।

ম্যানেজ ডরমেন্ট

eTDS সিস্টেম থেকে কোনো ডিডাক্টি,এমপ্লয়ি ইত্যাদি রিমুভ করলে তা ডরমেন্ট সেকশনে চলে যাবে। তবে কোনো ট্রানজ্যাকশন থাকলে পুরোপুরি ডিলিট করা যাবে না।

# সার্ভিসেস

বেতন ব্যতীত উৎসে কর

eTDS সিস্টেমে সিঙ্গেল এন্ট্রি (একটি একটি করে) অথবা এক্সেল আপলোডের মাধ্যমে উৎসে কর কর্তন করা যাবে। সিঙ্গেল এন্ট্রি (একটি একটি করে) করার জন্য '**+ Add Single TDS**' বাটনটি ক্লিক করে টিডিএস করা যাবে। পেমেন্ট অ্যামাউন্টে ভ্যাট ব্যতীত অঙ্ক বসাতে হবে। **যদি পেমেন্ট অ্যামাউন্টে ভ্যাটের উল্লেখ না থাকে তাহলে সম্পূর্ণ অঙ্ক বসাতে হবে।** পেমেন্ট অ্যাকাউন্টিং দেখতে চাইলে ক্যালকুলেটর আইকনে ক্লিক করতে হবে।

এছাড়া এক্সেল আপলোডের মাধ্যমে উৎসে কর কর্তন করা যাবে। একটি চালানে একটিমাত্র সেকশন থাকবে (একাধিক সাব সেকশন থাকতে পারে)।

**এক্সেলে কোনো ফরমুলা ব্যবহার করা যাবে না।**

বেতনের উৎসে কর

এক্সেল ফাইলটি ডাউনলোড করার পর প্রয়োজনীয় ফিল্ড পূরণ করে আপলোড করতে হবে।

**এক্সেলে কোনো ফরমুলা ব্যবহার করা যাবে না।**

eTDS সিস্টেম বেতনের উৎসে কর স্বয়ংক্রিয়ভাবে ক্যালকুলেশন করে না।

# রিপোর্ট এন্ড রিটার্ন

## মান্থলি টিডিএস রিপোর্ট (রুল-১৮)

প্রত্যেক মাসের রিপোর্ট (রুল-১৮) eTDS সিস্টেম থেকে দেখা যাবে খুব সহজে। প্রথমে অর্থবছর সিলেক্ট করে মাস সিলেক্ট করতে হবে। তারপর সামারিতে ক্লিক করলেই সব তথ্য দেখা যাবে।

এরপর পাবলিশ রিপোর্ট এ ক্লিক করলে মান্থলি রিপোর্ট eTDS সিস্টেম থেকেই স্বয়ংক্রিয় ভাবে তৈরি হবে। এই রিপোর্টটি প্রিন্ট বা ডাউনলোড করা যাবে।

## মান্থলি স্যালারি রিপোর্ট (রুল-২১)

প্রত্যেক মাসের রিপোর্ট (রুল-২১) খুব সহজে eTDS সিস্টেম থেকে দেখা যাবে। প্রথমে অর্থবছর ও মাস সিলেক্ট করতে হবে। তারপর সামারিতে ক্লিক করলে মান্থলি স্যালারির তথ্য দেখা যাবে।

মান্থলি রিপোর্ট eTDS সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে তৈরি করতে পাবলিশ রিপোর্ট বাটনে ক্লিক করুন। এই রিপোর্টটি প্রিন্ট বা ডাউনলোড করা যাবে।

## উইথহোল্ডিং ট্যাক্স রিটার্ন (৭৫এ)

উইথহোল্ডিং ট্যাক্সের প্রথম ও দ্বিতীয় রিটার্ন eTDS সিস্টেম থেকে তৈরি করা যাবে। এর জন্য প্রথমে অর্থবছর সিলেক্ট করে, প্রথম বা দ্বিতীয় রিটার্ন সিলেক্ট করুন।

সামারিতে ক্লিক করলেই ছয় মাসের রিটার্নটি দেখা যাবে এবং পাবলিশ এ ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে রিটার্নটি তৈরি হয়ে যাবে। এই রিটার্নটি প্রিন্ট বা ডাউনলোড করা যাবে।

# Source Tax Statement (STS)

সরবরাহকারী, সেবাপ্রদানকারী ও বেসরকারী বেতনভোগী কর্মকর্তারা উৎসে কর কর্তনের বিবরণী পাবেন এই ঠিকানায়:

**www.etds.gov.bd/sts**

## সাপোর্ট সার্ভিসেস

Hotline

+8801777086365

WhatsApp

+8801777086365

Telegram

+8801777086365

E-Mail

support@etds.gov.bd

Others

AnyDesk, TeamViewer, Google Meet, Zoom

etds.gov.bd

eTDS Environment User Guide